বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি
EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH
(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

সূত্র নং. EDSB/ HOUSING/1/2015 তারিখ ১লা জুলাই ২০১৫

বরাবর,
মাননীয় প্রধান মন্ত্রী
প্রধানমন্ত্রীর সচিবালয়
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
তেজগাও, ঢাকা,বাংলাদেশ।

প্রধানমন্ত্রীর কার্যালয়
ডাক গ্রহণ ও বিতরণ শাখা
গ্রহীতার স্বাক্ষর :
তারিখ :
সময় :

**বিষয় : ইতালী ও বাংলাদেশের কাজের ইমিগ্রেশন ও দ্বিপাক্ষিক সহযোগীতা চুক্তি বাস্তবায়ন ও ইতালী শ্রমবাজারে বাংলাদেশী নাগরীকের কর্মসংস্থানের সুযোগ পুনরুদ্ধার প্রসঙ্গে।**

মাননীয় প্রধানমন্ত্রী,
যথাযথ সম্মানপূর্বক আপনার সদয় অবগতির জন্য জানচ্ছি যে, বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি ২০০২ সালে কিছুসংখ্যক ইতালী প্রবাসী নাগরিকদের উদ্দ্যেগে বাংলাদেশ কোম্পানী রেজিষ্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ আওতায় রেজিস্ট্রিভুক্ত হয়ে একটি অলাভজনক স্বেচ্ছাসেবী সামাজিক উন্নয়ন সংগঠন হিসাবে কর্মকান্ড করে আসছে।

**বিগত ২০০২ সাল হতে সুদীর্ঘ পথচলায় সমিতির উদ্দ্যেগে দেশে ও বিদেশে বাংলাদেশী নাগরিকের জীবনযাপনের মান উন্নয়নে সহযোগী হয়ে বিভিন্ন গুরুত্বপুর্ন কর্মকান্ড করেছে। প্রবাসী উন্নয়ন সমিতি দেশে ও বিদেশে তার সদস্যদের ও তাদের পরিবারের উন্নয়নে নিজস্ব উদ্দ্যেগে যে সকল কর্ম কান্ড সম্পাদন করেছে :**

- ২০০২ সালে বাংলাদেশের শ্রমিকদের ইতালী সরকারের কোটা পদ্ধতির আওতায় আনয়নের লক্ষ্যে ইতালী ও বাংলাদেশের মধ্যে একটি রাস্ত্রিয় পর্জায়ে ইমিগ্রেশন সহযোগীতার দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদনের জন্য উদ্দ্যেগী ভুমিকা পালন করেছে। দুর্ভাগ্যজনক হলেও গত ১৩ বছরেও সেই চুক্তি সম্পাদিত হয় নাই। **(সংযুক্ত নং: ১ দেখুন)**
- ২০০২ -২০০৩ সালে আমাদের কিছু পরামর্শ মোতাবেক সরকারের কুটনৈতিক ভুমিকার **ফলশ্রুতিতে ২০০৩ সাল হতে ২০১২ সাল পর্জন্ত ইতালীতে প্রদত্ত রাস্ত্রিয় কোটায় ৮ বছরে বাংলাদেশ হতে নুন্যতম ১ লাখ শ্রমিক কাজের অনুমতি নিয়ে ইতালীতে অভিবাসন করতে সক্ষম হয়েছে। (সংযুক্ত নং : ২ দেখুন)**
- ইতালী ও বাংলাদেশের মধ্যে একটি রাস্ত্রিয় পর্জায়ে ইমিগ্রেশন সংক্রান্ত দ্বিপাক্ষিক সহযোগীতার চুক্তি না থাকার কারনে ২০১৩-২০১৪-২০১৫ সালে ইতালীতে বাংলাদেশী শ্রমিকের জন্য কোটা প্রদান করাহয় নাই। যার ফলে ইতালীর মত ইউরোপীয় একটি শ্রমবাজার বাংলাদেশের নাগরিকদের কাজের মাধ্যমে মাইগ্রেশনের

Head office : Expatriates Development Society of Bangladesh,
Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Babgladesh 1216.
Email : probashi@italbangla.net Tel. +88 0171 4388003 / 0171 4388005 / 0171 1815819

অপার সভাবনা ও সুযোগ স্থগিত হয়ে আছে বা হারাতে বসেছে। সরকার উদ্দ্যেগী হলে প্রতিবছর অন্তত ১০ - ২০ হাজার কর্মী ইতালী অভিবাসন করতে সক্ষম হবে।

➢ আমরা মনে করি ইতালীর শ্রমবাজার পুনরুদ্ধারে সরকার উদ্দ্যেগী হলে, সরকারের সংশ্লিস্ট মন্ত্রনালয়ের ইতালীতে বাংলাদেশ দূতাবাস ও আমাদের একজন প্রতিনীধি সম্পৃক্ত করে একটি উচ্চপর্জায়ের স্টাডি সেল গঠন করে ইতালী হতে আইনী প্রয়োজনীয় আইনী তথ্য উপত্ত সংগ্রহ, ইতালী সরকারের সংশ্লিস্ট বিভাগ ও বাংলাদেশ কমুনিটির সাথে সেমিনার ও আলোচনা করে ইতালীর সাথে চুক্তি সম্পাদনে বাংলাদেশের নাগরিকদের সুবিধা ও অসুবিধা সমুহ পর্জালোচনা করে যাচাই বাছাই করে প্রতিবেদন তৈরী করে দিতে সক্ষম হব, যার আলোকে সরকার একটি বাস্তব সম্মত সিদ্ধান্তে উপনিত হতে পারবে।

➢ আমরা আশা করি আমাদের বিগত ১৩ বছরের ইতালী বাংলাদেশ কমিউনিটির সাথে কাজের অর্জিত অভিজ্ঞতার আলোকে সরকার উদ্দ্যেগী হলে বাংলাদেশের নাগরিকদের জন্য ইতালীতে বহুমূখী সুযোগ সুবিধা সৃস্টি হবে। যার ফলোশ্রেতিতে প্রতি বছর পর্জায় ক্রমিকভাবে বিপুল সংখ্যাক নাগরিকের **সরাসরি কর্ম সংস্থান, উচ্চশিক্ষা, কারিগরী শিক্ষা, স্কিল্ড, সেমিস্কিল্ড ওয়ার্ক মাইগ্রেশন, সেল্ফ এমপ্লয়মেন্ট ও পারিবারিক রিইউনিফিকেশন** ইত্যাদি স্থায়ী অভিবাসনের সুযোগ পাবে যা বছরে ১০ হতে ৫০ হাজার ছাড়িয়ে যেতে পারে। যার ফলে বৈদেশিক রেমিটেন্স বছরে কয়েকশত মিলিয়ন ইউরো বৃদ্ধি পাবে।

আমরা মনে করি ইতালীতে বাংলাদেশীদের কাজের মাধ্যমে অভিবাসনের অপার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে সরকার দৃস্টি দিলে বাংলাদেশের জনগন বেশী উপকৃত হবে। এ বিষয়ে আপনার যে কোন নির্দেশনা বাস্তবায়নের জন্য আমরা সদা প্রস্তুত।

বিনীত নিবেদনে।

-----------------------------
শাহ মোহাম্মদ তাইফুর রহমান
নির্বাহী পরিচালক

**অনুলীপি প্রেরন :**

- মাননীয় কেবিনেট সচীব মহোদয়,
  সচীবালয়, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।

- প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেস্টা
  প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাও, ঢাকা
  গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।

**Head office : Expatriates Development Society of Bangladesh,**
**Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Babgladesh 1216.**
**Email : probashi@italbangla.net Tel. +88 0171 4388003 / 0171 4388005 / 0171 1815819**

- মাননীয় মন্ত্রী মহোদয়,
  বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যান মন্ত্রনালয় ।
  সচীবালয়,গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।

- মাননীয় সচীব মহোদয়,
  বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যান মন্ত্রনালয়,
  গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচীবালয়, ঢাকা, বাংলাদেশ।

- মাননীয় মন্ত্রী মহোদয়,
  পররাস্ট্র মন্ত্রনালয়
  গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচীবালয়, ঢাকা, বাংলাদেশ।

- মাননীয় সচিব মহোদয়,
  পররাস্ট্র মন্ত্রনালয়
  গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচীবালয়, ঢাকা, বাংলাদেশ।

- মাননীয় ~~মন্ত্রী মহোদয়~~, মাননীয় প্রতিমন্ত্রী
  স্বরাস্ট্র মন্ত্রনালয়
  গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচীবালয়, ঢাকা, বাংলাদেশ।

- মাননীয় সচিব মহোদয়,
  স্বরাস্ট্র মন্ত্রনালয়
  গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচীবালয়, ঢাকা, বাংলাদেশ।

Received

Ministry of Foreign Affairs ★ Minister's Office ★ Govt. of Bangladesh

পররাষ্ট্র মন্ত্রণালয় ★ ঢাকা ★ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

01/07/15

Head office : Expatriates Development Society of Bangladesh,
Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Babgladesh 1216.
Email : probashi@italbangla.net Tel. +88 0171 4388003 / 0171 4388005 / 0171 1815819